ফার্স্ট লুকে ক্রিস্টেন স্টুয়ার্ট ঠিক যেন প্রিন্সেস ডায়ানা!

অভিনেত্রী ক্রিস্টেন স্টুয়ার্ট ‘স্পেন্সার’ ছবিতে প্রিন্সেস ডায়ানার চরিত্রে শুটিং শুরু করেছেন। পাবলো লারাইনের এই ছবির ফার্স্ট লুকে ডায়ানা রূপে ধরা দিয়েছেন ক্রিস্টেন। সেই ছবি দেখে অনেকেই বলছেন ‘ঠিক যেন ডায়ানা’!

জানা গেছে, প্রিন্স চার্লসের সঙ্গে প্রয়াত রাজবধূর বিয়ে বিচ্ছেদের ঘটনা নিয়ে নব্বই দশকের প্রেক্ষাপটে তৈরি হচ্ছে ‘স্পেন্সার’। সব মিলিয়ে তিন দিনের একটু বেশি সময়ের গল্প বলা হবে এই সিনেমায়। গল্পের শুরু হবে ইংল্যান্ডের নরফোকে অবস্থিত সান্ড্রিংহামে হাউজ অব উইন্ডসরে।

স্টিভেন নাইটের লেখা গল্পে নির্মিত হতে যাওয়া ছবিটি নিয়ে উচ্ছ্বসিত নায়িকা স্টুয়ার্ট জানিয়েছেন, জীবনের এ মোড় পরিবর্তন নিয়ে ডায়ানার যে মানসিক অবস্থা তার ভেতরে ডুব দিয়েছে ‘স্পেন্সার’। যখন ডায়ানা নিজেকে খুঁজে পাওয়া চেষ্টা করছিল।

সমালোচনার মুখে ক্ষমা চাইলেন প্রসেনজিৎ

সোমবার (২৫ জানুয়ারি) ছিল মাইকেল মধুসুদন দত্তের জন্মদিন। সোশ্যাল মিডিয়ায় এই নিয়ে কোনও উচ্ছ্বাস না থাকলেও মনে রেখেছিলেন প্রসেনজিৎ। মাইকেলের জন্মদিনে তাকে শ্রদ্ধা জানিয়ে পোস্ট করেছিলেন টলিউড সুপারস্টার। আর তাতেই ভুল হয়ে যায়।

মাইকেল মধুসুদন দত্তের বদলে ভুল করে উপেন্দ্রকিশোর রায় চৌধুরীর ছবি পোস্ট করে ফেলেন অভিনেতা। তিনি লিখেছিলেন, বাংলা সাহিত্যের

বিশেষ করে রেনেসাঁস সময়ের অন্যতম কবি নাট্যকার, প্রহসন রচয়িতা মাইকেল মধুসুদন দত্ত। যার শ্রেষ্ঠ কাজগুলির মধ্যে সনেট এবং অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন আমাদের মাতৃভাষাকে করে তুলেছে আরও সমৃদ্ধ। সেই মহামানবের জন্মবার্ষিকীতে আমি আমার সশ্রদ্ধ সম্মান জানাই।

আর এরপরেই নেটিজেনদের একাংশ তীব্র সমালোচনা শুরু করে দেন। ভুল বুঝতে পেরেই ক্ষমা চেয়ে নেন প্রসেনজিৎ। তিনি লেখেন, আগের পোস্টে ভুলের জন্য ক্ষমাপ্রার্থী। সেই সঙ্গে ছবিটিও বদলে মধুসুদন দত্তের ছবি পোস্ট করেন অভিনেতা।

যদি ক্ষমা চাওয়ার পরেও নিন্দুকেরা থামেননি। নানান কথা টেনে কটাক্ষ করতে থাকেন। কেউ লেখেন, যদি নাই চিনতেন, তাহলে লোক দেখানো শুভেচ্ছা জানানোর মানে হয় না। কেউ আবার ‘বাংলার আলিয়া ভাট’ বলে কটাক্ষ করেন। তবে অনেকেই আবার প্রসেনজিৎয়ের হয়ে সরব হয়েছেন। কেউ লিখেছেন, ভদ্রলোক বলেই ক্ষমা চেয়েছেন। কারোর কথায়, ‘ভুল মানুষ মাত্রই হয়’।

ভালোবাসা দিবসে সিএনজি চালকের গল্প

বিশ্ব ভালোবাসা দিবসকে ঘিরে অপূর্ব-সাবিলা নূরকে জুটি করে সম্প্রতি শেষ হলো একটি বিশেষ নাটকের শুটিং। নাম ‘টিপু সুলতানা’!

লক্ষ্য করবেন, টিপু সুলতান নয়- টিপু সুলতানা। যার সঙ্গে ব্রিটিশ ভারতের বীর যোদ্ধা কিংবা শাসক টিপু সুলতানের কোনও যোগসূত্র নেই। এটি একেবারেই আলাদা গল্পের একটি বিশেষ নির্মাণ।

সিএমভি’র ব্যানারে এটির চিত্রনাট্য ও পরিচালনা করেছেন মহিদুল মহিম। যিনি সম্প্রতি বেশ আলোচনায় এসেছেন আফরান নিশো ও মেহজাবীন চৌধুরীকে নিয়ে ‘শিল্পী’ নির্মাণ করে।
‘টিপু সুলতানা’র গল্প প্রসঙ্গে মহিদুল মহিম জানান, নাটকের কেন্দ্রীয় চরিত্র টিপু একজন সিএনজি ড্রাইভার। গল্পের নায়িকা

সুলতানা গ্যারেজের মহাজনের মেয়ে হিসেবে দায়িত্ব পালন করেন। নাম রিনা হলেও নিজেকে অতি সুন্দরী হিসেবে ভেবে নিজেকে নায়িকা কারিনা দাবি করেন!

অন্যদিকে ড্রাইভার টিপু একজন রাগী প্রকৃতির। যাত্রীদের সাথে তিনি সবসময় রেগে কথা বলেন। যার কারণে সবসময় ঝগড়াঝাঁটি লেগেই থাকে। অপরদিকে সিএনজি গ্যারেজে টাকা জমা দেওয়া নিয়ে দায়িত্বরত সুলতানার সাথে টিপুর ঝগড়া চলতেই থাকে।

নির্মাতা মহিম বলেন, ‘গল্পের একপর্যায়ে একদিন ড্রাইভার টিপু গভীর রাতে একটি প্রেগন্যান্ট নারীকে সিএনজিতে তুলতে অস্বীকার করেন। এখান থেকেই মজার গল্পটি বাঁক নেয় সিরিয়াস দিকে। আমি আসলে বরাবরই নাটকের শেষে দর্শকদের একটি সিরিয়াস বার্তা দেওয়ার চেষ্টা করি। এখানেই তাই আছে।’

এতে টিপু চরিত্রে অপূর্ব আর সুলতানা চরিত্রে অভিনয় করেছেন সাবিলা নূর।

প্রযোজক এসকে সাহেদ আলী পাপ্পু জানান, বড় বাজেটের এই ভ্যালেন্টাইন স্পেশাল নাটকটি ফেব্রুয়ারির দ্বিতীয় সপ্তাহে উন্মুক্ত হবে সিএমভি’র ইউটিউব চ্যানেলে।

‘সরি মীরাবাই’ নাটকে আরফিন জুনায়েদ

সজিব চিশতির ‘সরি মীরাবাই’ নাটকে একটি গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করতে যাচ্ছেন আরফিন জুনায়েদ। নাটকটির গল্প আবর্তিত হয়েছে একজন নাচনেওয়ালীর জীবনী নিয়ে।

এই নাটকের মধ্য দিয়ে টাইগার এক্সপ্রেসের প্রযোজনায় প্রথমবার কাজ করছেন জুনায়েদ। নাটকটিতে মীরা চরিত্রে অভিনয় করবেন মডেল অভিনেত্রী শিমু খান শেলী।

উল্লেখ্য, ২০১৫ সাল থেকে আরফিনের মিডিয়াতে পথ চলা শুরু। তিনি

ইউটিউবে কাজ শুরু করে এরই মধ্যে মডেলিং, শর্ট ফিল্ম ও নাটকে অভিনয় করেছেন।

সাহস থাকলে আমাদের ধর্ষণ করে দেখাক, ঝাঁটা-বঁটি আছে: নুসরাত

অভিনেত্রী নুসরাত জাহান তৃণমূলের সাংসদ। তবে আজ সোমবার মঞ্চে দাঁড়িয়েছিলেন শুধু একজন নারী ও টালিউডের অংশ হিসেবে। বিজেপির বিরুদ্ধে প্রতিবাদ সভায় নারীদের প্রতি অনাচার নিয়ে আওয়াজ তুললেন অভিনেত্রী। কড়া ভাষায় জানিয়ে দিলেন, বাংলার মেয়েদের ভয় দেখিয়ে দমন করা সম্ভব নয়।

সাম্প্রতিককালে টালিউডের দুই অভিনেত্রী সায়নী ঘোষ এবং দেবলীনা দত্তের সঙ্গে বিজেপির প্রকাশ্য বিতণ্ডা প্রসঙ্গেও কথা বলেন সাংসদ-অভিনেত্রী। নুসরাত বলেন, যে রাজ্যের মুখ্যমন্ত্রী একজন নারী, সেখানকার মেয়েরা ধর্ষণের হুমকিকে ভয় পায় না।

তিনি বলেন, ‘ধর্ষণের হুমকি আমিও পাই। কিন্তু আমি বা এই মঞ্চে উপস্থিত কোনও নারী এ ধরনের হুমকি ভয় পায় না। সাহস থাকলে আমাদের ঘরে ঢুকে ধর্ষণ করে দেখাক। বাংলার বাড়িতে বাড়িতে ঝাঁটা আছে, বঁটি আছে। কেউ আমাদের ভয় দেখালে তাদের ঝেঁটিয়ে বিদায় করা হবে।’

মঞ্চ থেকে নেমে যাওয়ার আগে তিনি বলেন, “আজ সায়নী-দেবলীনার সঙ্গে যা হয়েছে, তা যাতে আর কোনও মেয়ের সঙ্গে না হয়, সেই জন্যই এই মঞ্চে এসেছি।
সূত্র: আনন্দবাজার

পারিশ্রমিক দ্বিগুণ করে ৩০ কোটি রুপি নিচ্ছেন রকি ভাই!

‘কেজিএফ: চ্যাপ্টার ওয়ান’ সিনেমার মাধ্যমে আরেক সর্বভারতীয় সুপারস্টারের জন্ম হয়েছে, তার নাম ইয়াশ। প্রেক্ষাগৃহে সাফল্যের পর ইয়াশের তারকাখ্যাতি এখন তুঙ্গে। সে জন্যই ‘কেজিএফ : চ্যাপ্টার টু’-তে নিজের পারিশ্রমিক দ্বিগুণ করবেন ইয়াশ!

৩৫ বছর বয়সী সুপারস্টার ইয়াশ এ সিনেমার প্রথম কিস্তির চেয়ে পারিশ্রমিক দ্বিগুণ করেছেন দ্বিতীয় কিস্তিতে। ২০১৮ সালে মুক্তি পায় প্রথম কিস্তি। আর সে সময় ‘রকি ভাই’ নিয়েছিলেন ১৫ কোটি রুপি। আর দ্বিতীয় কিস্তির জন্য ইয়াশ পারিশ্রমিক নিয়েছেন ৩০ কোটি রুপি। এ পারিশ্রমিক ছাড়াও সিনেমার লাভের অংশ পাবেন তিনি।

‘কেজিএফ: চ্যাপ্টার টু’ সিনেমায় ইয়াশ ওরফে রকি ভাই মুখোমুখি হবেন খলনায়ক সঞ্জয় দত্ত ওরফে আধীরার সঙ্গে। ৮ জানুয়ারি ইয়াশের জন্মদিন উপলক্ষে যে টিজার প্রকাশ পেয়েছিল, তাতে অবশ্য আধীরার লুক দেখানো হয়নি।

সঞ্জয় দত্ত ছাড়াও এতে গুরুত্বপূর্ণ ভূমিকায় রয়েছে রাভিনা ট্যান্ডন, প্রকাশ রাজ ও শ্রীনিধি শেঠি। সিনেমাটির মুক্তির তারিখ এখনো ঘোষণা হয়নি।

সব জল্পনার অবসান ঘটিয়ে সাত পাকে বাঁধা বরুণ-নাতাশা

অবশেষে সব জল্পনার অবসান ঘটিয়ে বিয়ের পিঁড়িতে বসলেন বলিউড তারকা বরুণ ধাওয়ান ও নাতাশা দালাল। বিয়েতে দুই পরিবারের সদস্য ও ঘনিষ্ঠ বন্ধুরা উপস্থিত ছিলেন।

রবিবার রাতে ভারতের আলীবাগে দ্য ম্যানশন হাউজ রিসোর্টে তাদের বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে।

বরুণ দীর্ঘদিনের প্রেমিকা নাতাশার সঙ্গে সাত পাকে বাঁধা পড়ার আনন্দঘন মুহূর্তের বেশ কয়েকটি ছবি শেয়ার করেছেন সামাজিক যোগাযোগ মাধ্যমে।
ছবির ক্যাপশনে ‘কুলি নাম্বার ওয়ান’খ্যাত অভিনেতা লেখেন, আজীবনের ভালোবাসা সবেমাত্র আনুষ্ঠানিক রূপ পেল।

চলতি সপ্তাহের শুরু থেকেই বরুণ-নাতাশার আলীবাগের বাংলোতে বিয়ের প্রস্তুতি শুরু হয়। শনিবার হয়েছে মেহেন্দি ও সংগীত অনুষ্ঠান। তার আগে বন্ধুদের সঙ্গে ‘ব্যাচেলর পার্টি’ করেছেন বরুণ। শুক্রবারই বরুণের পরিবারের সদস্যরা ভেন্যুতে পৌঁছে গিয়েছিলেন।

২৭ জানুয়ারি মুম্বাইয়ে বিয়ে-পরবর্তী একটি পার্টি দেওয়ার পরিকল্পনাও রয়েছে বরুণ-নাতাশার।

আসছে ‘গেম অব থ্রোনস’-এর দ্বিতীয় প্রিক্যুয়েল

টিভি সিরিজ ‘গেম অব থ্রোনস’-সিরিজের প্রিক্যুয়েল বানানোর ঘোষণা শোনা গিয়েছিল আগেই। এবার আরও একটি প্রিক্যুয়েল (আগের ঘটনা) নির্মাণের বিষয়ে খবর প্রকাশ করেছে মার্কিন সাময়িকী ভ্যারাইটি।

বিভিন্ন রাজপরিবারের সিংহাসন পাওয়ার লড়াই নিয়ে তৈরি হয়েছে মার্কিন চ্যানেল এইচবিওর ‘গেম অব থ্রোনস’-এর কাহিনি। সিরিজটির শেষ পর্ব টারগারিয়ান রাজপরিবারের শেষ উত্তরসূরি ডিনেরাস টারগারিয়ানের মৃত্যুর মধ্য দিয়ে শেষ হয়। প্রিক্যুয়েলে সেই টারগারিয়ান পরিবারের ইতিহাস তুলে ধরা হবে। এর আগে এইচবিও ঘোষণা দিয়েছিল, প্রিক্যুয়েলটি পাস করেছে তারা। এটি প্রযোজনার দায়িত্বে আছেন জর্জ আর আর মার্টিন ও রায়ান কোন্ডাল। মার্টিনের ‘ফায়ার অ্যান্ড ব্লাড’ বই থেকে তৈরি হবে প্রিক্যুয়েল অংশটি।

এবার শোনা গেল, আরও একটি প্রিক্যুয়েল বানানোর কাজ শুরু হয়ে গেছে। এই প্রিক্যুয়েল বানানো হচ্ছে ‘টেলস অব ডাঙ্ক অ্যান্ড এগ’-

এর অনুপ্রেরণায়। এইচবিও প্রিক্যুয়েলটির প্রাথমিক কাজ গুছিয়ে এনেছে। টিভি সিরিজটিতে এক ঘণ্টাব্যাপী থাকছে এক একটি পর্ব। এ সিরিজে উঠে আসবে স্যার ডানকান দ্য টল ও তরুণ এগন ভি টারগারিয়ানের কাহিনি। ‘আ সং অব আইস অ্যান্ড ফায়ার’-এর ৯০ বছর আগের কাহিনি এটি।

জর্জ আর আর মার্টিন তিনটি উপন্যাসিকা (ছোট গল্পের চেয়ে বড় আবার উপন্যাসের চেয়ে ছোট) প্রকাশ করেন ‘টেলস অব ডাঙ্ক অ্যান্ড এগ’ সিরিজ নামে। ১৯৯৮ সালে ‘দ্য হেজ নাইট’, ২০০৩ সালে ‘দ্য সোয়ার্ন সোর্ড’ ও ২০১০ সালে প্রকাশিত হয় ‘দ্য মিস্ট্রি নাইট’।

এগুলো একসঙ্গে প্রকাশিত হয় আবার ২০১৫ সালে ‘আ নাইট অব দ্য সেভেন কিংডমস’ নামে। সবকিছু ঠিকঠাক থাকলে এটা হবে ‘গেম অব থ্রোনস’-এর দ্বিতীয় প্রিক্যুয়েল। প্রথম প্রিক্যুয়েল ‘গেম অব থ্রোনস’-এর ৩০০ বছরের আগের গল্প নিয়ে। সেখানে হাউস অব টারগারিয়ান অর্থাৎ টারগারিয়ান রাজপরিবারের গল্প বলা হবে।

যে কারণে নিজের কেনা বিলাসবহুল ফ্ল্যাটে উঠছেন না সোনাক্ষী

মুম্বাইয়ের বান্দ্রায় চার কামরার একটি ফ্ল্যাট কিনেছেন অভিনেত্রী সোনাক্ষী সিনহা। বয়স ৩০ পেরনোর আগেই নিজের জন্য আলাদা ফ্লাট কিনবেন বলে তার পরিকল্পনা ছিল। তবে সেই ডেডলাইনের দুই বছর পর অর্থাৎ ৩২-এ এসে তার সেই ‘স্বপ্নপূরণ’ হলো।

নতুন ফ্লাট কিনলেও আপাতত তিনি পরিবারের সঙ্গেই অর্থাৎ ‘রামায়ণে’ থাকছেন। ২০২০-র নভেম্বর মাসে সেখানে নিজের ফ্লোরটিকে নতুন করে সাজিয়েছিলেন তিনি। সবার সঙ্গে মিলমিশে থাকার মধ্যেই আনন্দ খুঁজে পান অভিনেত্রী। এই কারণে নিজের কেনা বিলাসবহুল ফ্ল্যাটে উঠছেন না অভিনেত্রী।

সোনাক্ষী বলেন, ‘এখনই নতুন বাড়িতে গিয়ে থাকব না। ওটা কিনেছি নিজের স্বপ্ন পূরণের জন্য। পাশাপাশি টাকা বিনিয়োগেরও ভালো উপায় এটি।’

নিজের নতুন ফ্ল্যাট সাজানোর দায়িত্ব ইন্টিরিয়র ডিজাইনার রুপিন সূচককে দিয়েছিলেন সোনাক্ষী। নিজের ইনস্টাগ্রামে সেখানকার কিছু ছবি পোস্ট করেছেন তিনি।

ফ্ল্যাট কেনার আগে সোনাক্ষী বলেছিলেন, “আমি অনেক দিন ধরে ব্যক্তিগত একটা জায়গা তৈরির কথা ভাবছিলাম। যারা আমার মতো পরিবারের সঙ্গে থাকেন, তারা এই বিষয়টা বুঝবেন। ওই বাড়িতেও আমার নিজস্ব ঘর ছিল, কিন্তু সম্পূর্ণ একটি ফ্লোর নিজের মতো করে সাজিয়ে তোলাটা আমার অনেক দিনের শখ ছিল।”

সূত্র: আনন্দবাজার

শ্যামবর্ণা বলে অপমান, বাধ্য হয়ে যুক্তরাষ্ট্র ছেড়েছিলেন প্রিয়াঙ্কা

একসময় মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ভারতে ফিরে আসার চিন্তা মাথায় এসেছিল প্রিয়াঙ্কার। তখন তিনি কিশোরী। পড়াশোনোর জন্য ১২ বছর বয়সে ভারত থেকে মার্কিন মুলুকে পাড়ি দিয়েছিলন তিনি। সেই সময় নানান জটিল পরিস্থিত সম্মুখীন হন তিনি।

এক সাক্ষাৎকারে অভিনেত্রী জানিয়েছেন, তিনি নানাভাবে বুলিংয়ের শিকার হতেন। ভেতর থেকে সেগুলো তাকে কুরে কুরে খাচ্ছিল। পিপলস ম্যাগাজিনকে দেওয়া সাক্ষাৎকারে তেমনটাই জানালেন নায়িকা।

অভিনেত্রী আরও বলেন, তিনি নিজেকে খোলসের মধ্যে গুটিয়ে রেখেছিলেন। এমনকি তিনি মনে করতেন, তার দিকে যেন কেউ না তাকায়। নিজেকে একসময় অদৃশ্য রাখতে চেয়েছিলেন প্রিয়াঙ্কা। তার আত্মবিশ্বাস ভেঙে পড়েছিল। নিজেকে সব সময় প্রচণ্ড আত্মবিশ্বাসী মনে করা একটা মানুষ তিনি। তবে সেই সময় তিনি নিজে কোথায় দাঁড়িয়ে রেয়েছেন, কী করছেন, সেসব বিষয় অনিশ্চিত হয়ে পড়েছিলেন।

তার লেখা বই ‘আনফিনিসড’এ দীর্ঘ একটা অংশজুড়ে তিনি লিখেছেন,

কীভাবে সেসময় তিনি অপ্রীতিকর পরিস্থিতির শিকার হয়েছিলেন। কিশোর বয়সে সমবয়সীদের হাতে রোজ অপমানিত হতেন তিনি। কেউ তাকে বলত, ‘শ্যামবর্ণা, ফিরে যাও নিজের দেশে!’ এবং ‘যেই হাতিতে চড়ে এসেছো, তাতে করেই ফিরে যাও।’ সাহায্যের জন্য স্কুলের পরামর্শদাতার কাছে পৌঁছেও কোনও লাভ হয়নি।

অভিনেত্রী আরও লিখেছেন, সততা বজায় রেখে তিনি শহরটাকে কখনো দোষারোপ করেন না। তিনি মনে করেন, শুধু ওই মেয়েগুলো যা বলত সেগুলো তাকে যন্ত্রণা দিত। ‘Broke up with America’র অংশে-আমেরিকা থেকে ভারতে ফিরে আসার প্রসঙ্গে তিনি লিখেছেন, তিনি আশীর্বাদপ্রাপ্ত আমেরিকা থেকে ভারতে ফিরে এসে। ফিরে আসার পর তিনি অগাধ প্রশংসা ও ভালোবাসা পেয়েছেন। ভারতে ফিরে আসার পর উচ্চ বিদ্যালয়ের সেই অপ্রস্তুতকর পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে পারেন তিনি।

আজ হলিউডে নিজস্ব পরিচয় তৈরি করে নিয়েছেন প্রিয়াঙ্কা চোপড়া। মার্কিন মুলুকের পুত্রবধূ তিনি। নিক জোনাসের সঙ্গে সুখে সংসার করছেন। আজ এই সবই অতীত, তবে নিজের আত্মজীবনীতে পাতা উলটে ফের ফেলা আসা দিনে ফিরেছেন প্রিয়াঙ্কা। আগামী মাসেই প্রকাশিত হচ্ছে ‘আনফিনিসড’।

সূত্র: হিন্দুস্তান টাইমস